

প্রয়োজনীয় তথ্যাবলীঃ

ক) এডিআর এ আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

- রিটার্নের ভিত্তিতে প্রদেয় কর পরিশোধ থাকতে হবে।
- সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে।
- অনুমতি পাওয়ার ৩০ দিনের মধ্যে নির্ধারিত ফরমে ৫ প্রস্থে আবেদন করতে হবে।
- আবেদনের জন্য নির্ধারিত ৫০০ টাকা ADR ফি এবং বিরোধীয় করের ৫% (সর্বনিম্ন ২,৫০০ সর্বোচ্চ ২৫,০০০/-) টাকা সহায়তাকারীর ফিস বাবদ পরিশোধ করতে হবে।
- মতৈক্যের মাধ্যমে প্রণীত চুক্তিপত্রের ভিত্তিতে প্রদেয় কর নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে।

খ) সুবিধাসমূহঃ

- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত সহায়তাকারীর মধ্যস্থতায় উভয় পক্ষের আলোচনার মাধ্যমে মতৈক্যের ভিত্তিতে আবেদন নিষ্পত্তি করা হয়। ADR একটি জটিলতামুক্ত সহজ প্রক্রিয়া। ফলে করদাতাগণ সহজে ন্যায় বিচার পেয়ে থাকেন।
- উভয়পক্ষের মতৈক্য না হলে করদাতা আপীল মামলাটি পুনরুজ্জীবিত করতে পারেন।
- ট্রাইব্যুনালে মামলা দায়েরের ক্ষেত্রে ১০% আয়কর পরিশোধের শর্ত এক্ষেত্রে প্রযোজ্য নয়।